

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, সিলেট
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নং- ১৭.০৭.৯১০০.০০০.৩৬.০০১.২৩- ৭৪০

তারিখ:- ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

“গণ বিজ্ঞপ্তি”

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) এবং নির্বাচন কমিশন সচিবালয় এর স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২, তারিখ: ১৫ নভেম্বর ২০২৩ অনুসারে আমি শেখ রাসেল হাসান, জেলা প্রশাসক, সিলেট ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২২৯ সিলেট-১ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসক, সিলেট) এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট/ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট/ উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিলেট/ উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সদর, সিলেট) মনোনয়নপত্র গৃহিত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখ: ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


২৫/১১/২০২৩

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট


ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২২৯ সিলেট-১
ফোন-০২৯৯৬৬৩২১৯০

নং- ১৭.০৭.৯১০০.০০০.৩৬.০০১.২৩- ৭৪০

তারিখ:- ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৫. উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
৬. পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
৮. পুলিশ সুপার, সিলেট
৯. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট
১০. অধিনায়ক, ১৯/৪৮/৫২ বিজিবি, সিলেট
১১. পরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট রেঞ্জ, সিলেট
১২. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
১৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
১৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট
১৫. উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
১৬. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিলেট
১৭. উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
১৮. উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
১৯. অফিসার ইনচার্জ,(সকল থানা), সিলেট
২০. সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা প্রেস ক্লাব/সিলেট প্রেস ক্লাব, সিলেট (তাহাকে বিজ্ঞপ্তিটি স্থানীয় পত্র পত্রিকায় বিনা মূল্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
২১. অফিস নোটিশ বোর্ড


২০/১১/২০২৩

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২২৯ সিলেট-১

ফোন-০২৯৯৬৬৩২১৯০

